

স্মারক নং- ১৩.০১.৫৮৩৫.০০২.৫৭.০০৪.২০. ৮৫

তারিখঃ ১৭/০২/২০২৫ খ্রি.

**“ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি”**

খাদ্য মন্ত্রণালয়ের অধীন খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় তালিকাভুক্ত ভোক্তাদের নিকট নির্ধারিত দরে খাদ্যশস্য বিক্রির জন্য খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমালা ২০২৪ এবং এ সংক্রান্ত ১৪/১০/২০২৪ খ্রি. তারিখে জারীকৃত পরিপত্র অনুযায়ী জেড়ী উপজেলার ০৬(ছয়) টি ইউনিয়নের ১০(দশ) টি স্থানে ১(এক) জন করে মোট ১০(দশ) জন ডিলার নিয়োগ করা হবে। ডিলার নিয়োগের স্থান এবং শর্তাবলী নিম্নে উল্লেখ করা হলোঃ

ক্রঃনং	ইউনিয়ন	বর্তমান বিক্রয়কেন্দ্র	ক্রঃনং	ইউনিয়ন	বর্তমান বিক্রয়কেন্দ্র
০১	জায়ফরনগর	উপজেলা চত্তর সংলগ্ন	০৬	গোয়ালবাড়ী	শিলুয়াবাজার
০২	ঐ	কামিনীগঞ্জ বাজার	০৭	ঐ	রত্না চা বাগান
০৩	পশ্চিম জুড়ী	বাছিরপুর (জুড়ী থানা সংলগ্ন)	০৮	সাগরনাল	সমাইবাজার
০৪	ঐ	বাছিরপুর বাজার	০৯	ঐ	কলাবাড়ি বাজার
০৫	পূর্ব জুড়ী	পূর্ব জুড়ী নয়াবাজার	১০	ফুলতলা	ফুলতলা বাজার

**শর্তাবলীঃ**

- ১। আবেদনকারীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে এবং ০৪/০৩/২০২৫ খ্রি. তারিখে বয়স ১৮(আঠার) বছর হতে হবে;
- ২। আবেদনকারীর ছকে বর্ণিত স্থানে নিজস্ব/ভাড়াই দোকান থাকতে হবে;
- ৩। আবেদনকারীর দোকানের মেঝে পাকা হতে হবে এবং খাদ্যশস্য নিরাপদ ও স্বাস্থ্যসম্মতভাবে সংরক্ষণের উপযোগী হতে হবে;
- ৪। আবেদনকারীর দোকান/ গুদামে কমপক্ষে ১৫(পনের) মেটন খাদ্যশস্য সংরক্ষণের সুব্যবস্থা থাকতে হবে;
- ৫। আবেদনকারীর সংশ্লিষ্ট ইউনিয়নের হালনাগাদ ট্রেডলাইসেন্স এবং খাদ্যশস্য ব্যবসার লাইসেন্স থাকতে হবে;
- ৬। আবেদনকারীকে আর্থিকভাবে স্বচ্ছল ও খাদ্যশস্য হিসাব সংরক্ষণে সক্ষম হতে হবে;
- ৭। এ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে ডিলার হিসেবে নির্বাচিত হলে “নিজ ডিলারশীপ ব্যতিত অন্য কোন ডিলারের প্রতিনিধিত্ব করবেন না” মর্মে অঙ্গীকারনামা দাখিল করতে হবে;
- ৮। খাদ্য বিভাগ কর্তৃক কালো তালিকাভুক্ত, বাতিলকৃত, সাময়িকভাবে বরখাস্তকৃত, কিংবা আদালত কর্তৃক শাস্তিপ্রাপ্ত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে ডিলার হিসেবে নিয়োগ করা হবে না;
- ৯। খাদ্য বিভাগের অন্য কর্মসূচির ডিলার, মিলার, পরিবহন ও শ্রম-হস্তার্পণ ঠিকাদার আবেদন করতে পারবেন না;
- ১০। কোন সরকারি কর্মচারী কিংবা জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না;
- ১১। একজন আবেদনকারী একাধিক স্থানের জন্য আবেদন করতে পারবেন না, একাধিক আবেদন করা হলে সকল আবেদন বাতিল হিসেবে গণ্য হবে;
- ১২। একটি বিক্রয় কেন্দ্রের বিপরীতে একাধিক যোগ্য আবেদনকারী থাকলে লটারির মাধ্যমে ডিলার নির্বাচন করা হবে;
- ১৩। নির্বাচিত ডিলারকে ৩০০/- টাকার ননজুডিশিয়াল স্টাম্প অঙ্গীকারনামা দাখিল সহ জামানত হিসেবে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার (ফেরতযোগ্য) নিম্নস্বাক্ষরকারী বরাবরে জমা দিতে হবে;
- ১৪। নিয়োগপ্রাপ্ত ডিলারকে জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, মৌলভীবাজার হতে ডিলার শ্রেণির ফুডসুইচিং লাইসেন্স গ্রহণ করতে হবে এবং উপজেলা কমিটি কর্তৃক নির্ধারিত নির্দিষ্ট মাপ ও রং এ লিখিত সাইনবোর্ড বিক্রয় কেন্দ্রের সামনে টাঙ্গাতে হবে।

**আবেদনের সাথে নিম্নলিখিত ডকুমেন্টস এর সত্যায়িত কপি সংযুক্ত করতে হবেঃ**

০১	পাসপোর্ট সাইজের ২(দুই) কপি ছবি	০৫	দোকানের মালিকানা/ভাড়া সংক্রান্ত দলিল
০২	ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সনদ	০৬	জাতীয় পরিচয়পত্র
০৩	ইউনিয়ন পরিষদের হালনাগাদ ট্রেডলাইসেন্স	০৭	নাগরিকত্ব সনদ
০৪	খাদ্য বিভাগ কর্তৃক প্রদত্ত খাদ্যশস্য ব্যবসার লাইসেন্স	০৮	অঙ্গীকারনামা

আগ্রহী আবেদনকারীগণকে নির্ধারিত আবেদন ফরম উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, জুড়ী হতে (জুড়ী খাদ্য গুদাম, উত্তর ভাবনীপুর, কলেজ রোড) সংগ্রহ পূর্বক তা যথাযথ ভাবে পূরণ করে বর্ণিত ডকুমেন্টস সহ আগামী ০৪/০৩/২০২৫ খ্রি. (অফিস চলাকালীন) এর মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করতে হবে।

নির্ধারিত তারিখের পর দাখিলকৃত, অসম্পূর্ণ, স্বাক্ষরবিহীন এবং প্রয়োজনীয় কাগজপত্র ছাড়া আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে। উপজেলা খাদ্যবান্ধব কমিটি প্রয়োজনবোধে এ বিজ্ঞপ্তির যেকোন শর্ত ও বিষয় পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন, সংযোজন এবং বিয়োজন করতে পারবে। ডিলার নিয়োগের বিষয়ে উপজেলা খাদ্যবান্ধব কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত হিসেবে গণ্য হবে।

  
(বিনয় কুমার দেব)

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (অঃদাঃ)  
জুড়ী, মৌলভীবাজার।  
email:ucfjuri@gmail.com

স্মারক নং- ১৩.০১.৫৮৩৫ .০০২.৫৭.০০৪.২০. ৫৫(২২)  
অনুলিপিঃ সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

তারিখঃ ১৭/০২/২০২৫ খ্রি.

- ১। জেলা প্রশাসক, মৌলভীবাজার;
- ২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, মৌলভীবাজার;
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী, মৌলভীবাজার ও সভাপতি, উপজেলা খাদ্যবান্ধব কমিটি;
- ৪। উপজেলা কৃষি কর্মকর্তা, জুড়ী, মৌলভীবাজার ও সদস্য, উপজেলা খাদ্যবান্ধব কমিটি;
- ৫। উপজেলা শিক্ষা কর্মকর্তা, জুড়ী, মৌলভীবাজার ও সদস্য, উপজেলা খাদ্যবান্ধব কমিটি;
- ৬। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, জুড়ী, মৌলভীবাজার ও সদস্য, উপজেলা খাদ্যবান্ধব কমিটি;
- ৭। উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, জুড়ী, মৌলভীবাজার ও সদস্য, উপজেলা খাদ্যবান্ধব কমিটি;
- ৮। সভাপতি. জুড়ী প্রেসক্লাব, জুড়ী, মৌলভীবাজার ও সদস্য, উপজেলা খাদ্যবান্ধব কমিটি;
- ৯-২০। চেয়ারম্যান, . . . . . (সকল) ইউনিয়ন পরিষদ, জুড়ী, মৌলভীবাজার;
- ২১। নোটিশ বোর্ড, অত্র কার্যালয়;
- ২২। অফিস কপি;

বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের  
জন্য।

  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক  
জুড়ী, মৌলভীবাজার।